

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৮২০

১/ বিবিধ

আরবী

أجوع الناس طالب العلم، وأشبعهم الذي لا يبتغيه
موضوع

رواه ابن حبان في " كتاب المجروحين " (2 / 261 - 262) وأبو نعيم في " أخبار أصبهان " (1 / 259) وعنه الديلمي (1 / 1 / 85) عن محمد بن الحارث عن ابن البيلماني عن أبيه عن ابن عمر قال: سئل النبي صلى الله عليه وسلم: أي الناس أجوع؟ قال: طالب العلم. قال: فأيهم أشبع؟ قال: الذي لا يبتغيه ". قلت: آفته ابن البيلماني، واسمه محمد بن عبد الرحمن، قال الذهبي: " ضعفه، قال النسائي وأبو حاتم: منكر الحديث، وقال ابن حبان: حدث عن أبيه بنسخة شبيها بمائتين حديث كلها موضوعة

قلت: ثم ساق له أحاديث هذا أحدها. وقال ابن عدي: " كل ما يرويه البيلماني فإن البلاء فيه منه، ومحمد بن الحارث أيضا ضعيف ". وقال الحافظ ابن حجر في " الغرائب الملتقطة من مسند الفردوس قلت: محمد بن الحارث وشيخه ضعيفان ". قلت: وتقدم لهما حديث آخر برقم (54)

বাংলা

৮২০। সর্বাপেক্ষা ক্ষুধার্ত ব্যক্তি হচ্ছে জ্ঞান অর্জনকারী আর সেই ব্যক্তি সর্বাপেক্ষা তৃপ্ত যে তা তলাশ করে না।

হাদীছটি জাল।

এটি ইবনু হিব্বান "কিতাবুল মাজরুহীন" (২/২৬১-২৬২) গ্রন্থে, আবু নোয়াইম "আখবারু আসবাহান" (১/২৫৯) গ্রন্থে এবং তার থেকে দাইলামী (১/১/৮৫) মুহাম্মাদ ইবনুল হারিছ হতে তিনি ইবনুল বায়লামানী হতে তিনি তার পিতা হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীছটির সমস্যা হচ্ছে ইবনুল বায়লামানী। তার নাম মুহাম্মাদ ইবনু আবদির রহমান। যাহাবী বলেনঃ মুহাদ্দিছগণ তাকে দুর্বল আখ্যা দিয়েছেন। নাসাঈ ও আবু হাতিম বলেনঃ তিনি মুনকারুল হাদীছ। ইবনু হিব্বান বলেনঃ তিনি তার পিতা হতে আনুমানিক দু'শত হাদীছ সম্বলিত একটি কপি বর্ণনা করেছেন, যার সবগুলোই বানোয়াট।

আমি(আলবানী) বলছিঃ অতঃপর তিনি তার হাদীছগুলো উল্লেখ করেছেন, যার মধ্যে এটিও রয়েছে। ইবনু আদী বলেনঃ বায়লামানী যা কিছুই বর্ণনা করবেন তার সমস্যা তিনি নিজেই। মুহাম্মাদ ইবনু হারিছও দুর্বল।

হাফিয ইবনু হাজার "আল-গারায়েবুল মুলতাকাত মিন মুসনাদুল ফিরদাউস" গ্রন্থে বলেনঃ মুহাম্মাদ এবং তার শাইখ দুর্বল।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71699>

🔒 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন